দামুড়হুদায় হাউলী ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৪-২৫ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩০ মে) সকাল ১১টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন।

২০২৪-২৫ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৪-২৫ইং অর্থ বছরে ১ কোটি ৮৬ লক্ষ ৪৪ হাজার ৯শত ৩১ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুন, রহিমা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের হলরুমে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী।

২০২৩-২৪ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া

অনুযায়ী ২৩-২৪ইং অর্থ বছরে রাজস্ব আয় ২৫ লক্ষ ০৩ হাজার ৭০০শ। উন্নয়ন হিসাব আয় ১কোটি ১১লক্ষ ৩০ হাজার ৮০০শ, সর্বমোট ১কোটি ৩৬ লক্ষ ৩৪ হাজার ৫শত টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য লিয়াকত আলী, সামসুল ইসলাম, নুরুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, মোছাঃ রুপালি খাতুন, শাহানাজ খাতুন, হাসিনা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সচিব শামিম রেজা।